APR. 1 4 2002

দৈনিক জনকণ্ঠ

# ঢাবি কর্তৃপক্ষের ব্যাখ্যা

দৈনিক জনকণ্ঠে ১৩ এপ্রিল প্রকাশিত 'ঢাকা বিশ্ববিদ্যালয় কম্পিউটার এ্যাসোসিয়েশন কর্তৃপক্ষ বন্ধ করে দিয়েছে' শীর্ষক প্রকাশিত প্রতিবেদনের ব্যাখ্যা দিয়েছে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ।

প্রদত্ত ব্যাখ্যায় বলা হয়, উক্ত কম্পিউটার এ্যাসোসিয়েশন প্রতিষ্ঠার বিষয়টি দু'বার একাডেমিক কাউন্সিলে এবং একবার সিন্ডিকেট সভায় উত্থাপিত হয়। কিন্তু একবারও তা অনুমোদিত হয়নি। তার পরেও বিশ্ববিদ্যালয়ের অনুমতি ছাড়াই প্রতিষ্ঠানটি দীর্ঘদিন যাবত বিশ্ববিদ্যালয়ের নাম ও লোগো ব্যবহার করে প্রশিক্ষণপ্রাপ্তদের সার্টিফিকেট দিচ্ছিল, যা আদৌ বৈধ নয়। তাছাড়া প্রতিষ্ঠালগ্নে অব্যবসায়িকভাবে কেবল বিশ্ববিদ্যালয়ের ছাত্রছাত্রীদের কম্পিউটার প্রশিক্ষণ দেয়ার কথা থাকলেও কিছু দিনের মধ্যেই এটি ব্যবসায়িক প্রতিষ্ঠানে রূপ নেয়।

ব্যাখ্যায় বলা হয়, এ সব কারণে কম্পিউটার এ্যাসোসিয়েশনের বিভিন্ন ধরনের অনিয়ম ও দুর্নীতির অভিযোগের প্রেক্ষিতে বিশ্ববিদ্যালয়ের প্রো-ভাইস চ্যান্সেলরের নেতৃত্বে একটি শক্তিশালী তদন্ত কমিটি করা হয়েছে। উক্ত কমিটির প্রাথমিক তদন্তে অভিযোগের সত্যতা প্রমাণিত হওয়ায় কমিটি প্রতিষ্ঠানের কার্যক্রম আপাতত বন্ধ রাখার সুপারিশ করে। সে প্রেক্ষিতেই প্রতিষ্ঠানের কার্যক্রম বন্ধ রাখার ব্যবস্থা গৃহীত হয়েছে।